গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-২ শাখা

বিষয়ঃ ব্যানবেইস কর্তৃক ১২৫টি উপজেলায় নির্মিত উপজেলা আইসিটি ও রিসোর্স সেন্টার ভবনের ৩য় ও ৪র্থ তলা বরাদ্দ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সোহরাব হোসাইন<br>সচিব |
| সভার তারিখ | ০৩ জানুয়ারি ২০১৯ |
| সভার সময় | ১০:৩০ |
| স্থান | সভাকক্ষ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ |
| উপস্থিতি | সংযুক্ত |

২.০ **আলোচনা**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির আহবানে মহাপরিচালক, ব্যানবেইস সভাকে অবহিত করেন যে, কোরিয়া সরকারের ইকনমিক ডেভেলপমেন্ট কো-অপারেশন ফান্ড (ই.ডি.সি.এফ.) এর ০.০১% হার সরল সুদে ঋণ সহায়তায় প্রথম পর্যায়ে ১২৫টি উপজেলায় ৪-তলা ভিতে ২-তলা ভবন নির্মাণ করে Upazila ICT Training and Resource *Centre for Education* (ইউ.আই.টি.আর.সি.ই.) স্থাপন করা হয়েছে এবং ২য় পর্যায়ে ১৬০টি উপজেলায় ইউ.আই.টি.আর.সি.ই. স্থাপনের কাজ চলমান রয়েছে। তিনি সভাকে জানান যে, প্রথম পর্যায়ের প্রকল্প অনুমোদনকালে গত ১২ অক্টোবর ২০১০ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভার সিদ্ধান্ত নিম্নরূপ:

১। প্রয়োজনে ভবনের ডিজাইন পরিবর্তন করে ৪-তলা ফাউন্ডেশন সম্বলিত ২-তলা ভবন নির্মাণ করতে হবে। ৩য় তলা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ই-লাইব্রেরি এবং ৪র্থ তলা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা বিষয়ক রিসোর্স সেন্টারের জন্য নির্ধারিত থাকবে। এ প্রয়োজনে দরকার হলে জিওবি হতে অর্থের সংস্থান করা হবে।
২। ভবিষ্যতে এ ভবনের উপর সংশ্লিষ্ট মন্ত্রণালয় ই-লাইব্রেরি এবং রিসোর্স সেন্টারের জন্য ৩য় ও ৪র্থ তলা নির্মাণ করবে।

একনেক এর উক্ত সিদ্ধান্ত অনুসারে প্রকল্পের ডি.পি.পি. সংশোধন করে ২-তলা ফাউন্ডেশনের স্থলে ৪-তলা ফাউন্ডেশনসহ ২-তলা বিশিষ্ট ভবন নির্মাণ সমাপ্ত করা হয়। বর্তমানে ১২৫টি উপজেলায় নির্মিত ২-তলা ভবনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ তাদের নির্ধারিত কার্যক্রম পরিচালনা করছে। ২য় পর্যায়ে ১৬০টি উপজেলায় এই রূপ ৪-তলা ভিত্ বিশিষ্ট ২-তলা ভবন নির্মাণ ও ইউ.আই.টি.আর.সি.ই. স্থাপনের লক্ষ্যে একনেক কর্তৃক প্রকল্প অনুমোদিত হয়েছে এবং প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে। ৩য় পর্যায়ে অবশিষ্ট ২১৭টি উপজেলায় ভবন নির্মাণ করে ইউ.আই.টি.আর.সি.ই. স্থাপন করা হবে।

২.২। মহাপরিচালক, ব্যানবেইস আরো বলেন যে, একনেক এর সিদ্ধান্ত অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুরোধ জানানো হলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক উক্ত ভবনে প্রাথমিক শিক্ষা বিষয়ক রিসোর্স সেন্টার স্থাপনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে। পাশাপাশি ৩য় তলায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ই-লাইব্রেরি নির্মাণ না করলে উক্ত তলাও প্রাথমিক শিক্ষা বিষয়ক রিসোর্স সেন্টারের জন্য বরাদ্দের অনুরোধ জানানো হয়েছে। অপরদিকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সিদ্ধান্ত চূড়ান্ত না হওয়ায় ই-লাইব্রেরি স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়নি মর্মেও তিনি সভাকে অবহিত করেন। বর্ণিত অবস্থায় ১২৫টি উপজেলায় নির্মিত ভবনের ৩য় ও ৪র্থ তলায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ই-লাইব্রেরি এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা বিষয়ক রিসোর্স সেন্টার স্থাপন বিষয়ে উভয় মন্ত্রণালয়ের মতামতের ভিত্তিতে

সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।

২.৩। সভায় উপস্থিত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, ব্যানবেইস কর্তৃক নির্মিত ১২৫টি ইউ.আই.টি.আর.সি.ই. ভবনে ৪র্থ তলায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা বিষয়ক রিসোর্স সেন্টার নির্মাণে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য অনুরোধ করা হয়েছে এবং ভবনের ৩য় তলায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ই-লাইব্রেরি স্থাপন করার সম্ভাবনা না থাকলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ৩য় এবং ৪র্থ তলায় ভবন নির্মাণের অনুমতি প্রদান জন্যেও তিনি অনুরোধ জানান। Primary Education Development Program-4 (পি.ই.ডি.পি.-৪) এর আওতায় ২৮৫টি ইউ.আই.টি.আর.সি.ই. ভবনে প্রাথমিক শিক্ষা বিষয়ক রিসোর্স সেন্টার নির্মাণের জন্য অর্থের সংস্থান রাখা হয়েছে এবং ফ্লোর নির্মাণের অনুমোদন পেলে কাজ আরম্ভ করতে পারবেন মর্মেও তিনি সভাকে অবহিত করেন। সভায় উপস্থিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহাপরিচালকের বক্তব্যের সাথে একমত পোষন করেন।

২.৪। উপপ্রধান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বলেন যে, ৩১ মে ২০১৮ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ দিক-নির্দেশনা পাওয়ার পর ইউ.আই.টি.আর.সি.ই.ভবনে ই-লাইব্রেরি স্থাপনের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়কে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মতামত লিখিতভাবে জানানো হবে। তিনি আরো উল্লেখ করেন যে, অদ্যকার সভার নোটিশ প্রাপ্তির পর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের সাথে আলোচনা হয়েছে এবং ইউ.আই.টি.আর.সি.ই.ভবনে ই-লাইব্রেরি নির্মাণের বিষয়ে ইতিবাচক সিদ্ধান্ত নেওয়া হবে মর্মে উভয়েই ধারণা প্রদান করেছেন। এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ এবং বাজেটের সংস্থান করে ফ্লোর নির্মাণে সময় লাগবে মর্মে তিনি জানান। সভায় আলোচিত হয় যে, যেহেতু সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এ বিষয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেনি এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ফ্লোর নির্মাণে প্রস্তুত রয়েছে ও অর্থের সংস্থান রেখেছে সেহেতু প্রাথমিক শিক্ষা বিষয়ক রিসোর্স সেন্টার স্থাপনের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ৪র্থ তলার পরিবর্তে ৩য় তলা নির্মাণের অনুমতি প্রদান করা যৌক্তিক হবে।

২.৫। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্মপ্রধান বলেন যে, ৩য় পর্যায়ে যে ২১৭টি উপজেলায় ভবন নির্মাণ করা হবে তা ৪-তলার পরিবর্তে আরো বেশি ভিতের করা যেতে পারে। উপপ্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বলেন যে, বর্তমান ইউ.আই.টি.আর.সি.ই. ভবনে ভবিষ্যতে ৪টি অফিস স্থাপিত হবে বিধায় উক্ত ভবনের জন্য একটি সার্বজনীন নাম নির্বাচন করা প্রয়োজন। ভবনের ইউটিলিটি সার্ভিসসমূহ চার তলা ভবনের প্রয়োজন অনুসারে নিশ্চিত করার বিষয়েও সকলে গুরুত্বারোপ করেন।

৩.০। সিদ্ধান্ত

(১) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ইউ.আই.টি.আর.সি.ই. ভবনের ৪র্থ তলার পরিবর্তে ৩য় তলায় প্রাথমিক শিক্ষা বিষয়ক রিসোর্স সেন্টার স্থাপন করবে।

(২) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ই-লাইব্রেরি নির্মাণের জন্য ৩য় তলার পরিবর্তে ৪র্থ তলা নির্ধারিত থাকবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দ্রুত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অবহিত করবে।

(৩) বর্তমান ইউ.আই.টি.আর.সি.ই. ভবনে ভবিষ্যতে ৪টি অফিস স্থাপিত হবে বিধায় উক্ত ভবনের জন্য একটি সার্বজনীন নাম নির্বাচন করা হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে একাধিক নামের প্রস্তাব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করবে।

(৪) ভবনের ইউটিলিটি সার্ভিসসমূহ ব্যবহারকরীরা সমন্বিতভাবে নিশ্চিত করবে।

(৫) ৩য় পর্যায়ে ২১৭টি উপজেলায় ভবন নির্মাণের জন্য যে ডি.পি.পি. প্রণয়ন করা হবে সেখানে ৪-তলার পরিবর্তে আরো বেশি ভিতের ভবন নির্মাণের সংস্থান রাখতে হবে।

৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সোহরাব হোসাইন
সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.১৪.০০১.১৭.৬

তারিখ: ৪ মাঘ ১৪২৫

১৭ জানুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

২) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৪) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

৭) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৮) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

মোল্লা মোহাম্মদ আনিসুজ্জামান
উপপ্রধান